

ঢাকা ওয়াসা

বিষয়ঃ- অস্থায়ী অগ্রিম প্রদান প্রসঙ্গে।

১১১। মন্ত্রণালয়ের স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৫০.০৬.০১৮৭.২৪.১৭১, তাং-২৩/১০/২০২৫ ইং তারিখে পত্রে ঢাকা ওয়াসার ২টি বিভাগের বিভিন্ন অর্থ বছরের মোট ১৫টি এসএফআই ভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ০২/১১/২০২৫ ইং তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকায়, ২টি বিভাগের বিভিন্ন অর্থ বছরের মোট ১১টি এসএফআই ভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ০৩/১১/২০২৫ ইং তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় এবং ১টি বিভাগের বিভিন্ন অর্থ বছরের মোট ১৩টি এসএফআই ভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ০৪/১১/২০২৫ ইং তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে ৩টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের জন্য পত্র প্রেরণ করেছেন (কপি সংযুক্ত-১)।

১১২। তিনটি সভায় উপস্থাপনের জন্য ঢাকা ওয়াসার মোট ৫টি বিভাগের ৩৯টি এসএফআই অডিট আপত্তির জবাব ফটোকপি ও বই বাধাই বাবদ ৯০০০/- টাকা, মন্ত্রণালয়, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর ও ঢাকা ওয়াসার উপস্থিত কর্মকর্তা বৃন্দের তিন দিনের সভার নাস্তা ও দুপুরের খাবার বাবদ ৪৫,০০০/- টাকা এবং মন্ত্রণালয়, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর ও ঢাকা ওয়াসার সংশ্লিষ্ট কর্মকর্তা বৃন্দের সম্মানী বাবদ ১,৮০,০০০/- টাকা সহ মোট (৯০০০ + ৪৫০০০ + ১,৮০,০০০) = ২,৩৪,০০০/- (দুই লক্ষ চৌত্রিশ হাজার) টাকা প্রয়োজন। যা নিম্নরূপঃ (সংযুক্তি নং-২)।

ক্রঃ নং	বিবরণ	সদস্য সংখ্যা	মোট
১।	সম্মানী	২০	১,৮০,০০০/-
২।	আপ্যায়ন (নাস্তা ও দুপুরের খাবার)		৪৫,০০০/-
৩।	ফটোকপি, বই বাধাই ও আনুষঙ্গিক বাবদ		৯,০০০/-
			২,৩৪,০০০/-


১১৩। (ক) ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর ধারা ৩২ (১) এর “কর্তৃপক্ষ উহার কোন কর্মচারীকে সাময়িক প্রকৃতির কোন কর্ম-সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কর্ম-সম্পাদনের জন্য সম্মানী অর্থ বা নগদ অর্থ বা পুরস্কার প্রদানের যৌক্তিকতা থাকিলে উক্ত সম্মানী বা পুরস্কার প্রদান করিতে পারিবে”।

(খ) ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর ধারা ৩২ (২) এর “উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সম্মানী বা নগদ অর্থ পুরস্কার মঞ্জুর করা হইবে না, যদি এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক তাহা সুপারিশকৃত না করা হয়” মর্মে উল্লেখ রহিয়াছে (সংযুক্তি নং-৩ দ্রঃ)। ঢাকা ওয়াসা’য় এই ধরনের কাজের সম্মানী প্রদানের কোন রেইট নির্দিষ্ট করা নেই। সাধারণত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমেই এই ধরনের সম্মানী ভাতা প্রদান করা হয়ে থাকে। সম্মানী প্রদান সংক্রান্ত ঢাকা ওয়াসা’র ও অর্থ মন্ত্রণালয়ের পূর্বের কয়েকটি অফিস আদেশ/হার পুনঃ নির্ধারণের কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো (সংযুক্তি নং-৪, ৫, ৬ ও ৭ দ্রঃ)।


= ৫৬ =


১১৪। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার ৫টি বিভাগের অনিষ্পন্ন ৩৯টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর ধারা ৩২ (১) এর আলোকে ত্রি-পক্ষীয় সভার ব্যয়ভার নির্বাহের জন্য মোট ২,৩৪,০০০/- (দুই লক্ষ চৌত্রিশ হাজার) টাকা অস্থায়ী অগ্রিম উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তার অনুকূলে প্রদানের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। সম্মানী বাবদ ব্যয় ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেটের “অফিস রক্ষণাবেক্ষণ” খাত হতে এবং আপ্যায়ন ও ফটোকপি, বই বাধাই ও আনুতোষিক বাবদ ব্যয় “মুদ্রণ ও মনোহারী” খাত হতে বহন করা যেতে পারে। প্রদানকৃত সম্মানী হতে আয়কর বিধি অনুযায়ী উৎসে কর কর্তন করা হবে। পরবর্তীতে উক্ত অস্থায়ী অগ্রিম প্রকৃত খরচের ভিত্তিতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

১১৫। সদয় পেশ করা হলো।



২৭/১০/২০২৫

Sultana Razza
Auditor
Internal Audit Division
Dhaka WASA


২৭/১০/২০২৫
শোভন চক্রবর্তী
অডিট অফিসার
অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ
ঢাকা ওয়াসা।


২৭/১০/২০২৫
মদ্র দীপ বর্মান
উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা
অভ্যন্তরীণ অডিট বিভাগ
ঢাকা ওয়াসা।

অডিট বিভাগ


২৬/১০/২৫
মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।